

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪১১১

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد) পরিচ্ছেদঃ ৩১/৩. দূনিয়ার উদাহরণ

بَابِ مَثَلُ الدُّنْيَا

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ حَبِيبِ بْنِ عَرَبِيّ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ مُجَالِدِ بْنِ سَعِيدِ الْهَمْدَانِيّ، عَلْ عَنْ قَيْسِ بْنِ أَبِي حَازِمٍ الْهَمْدَانِيّ، قَالَ حَدَّثَنَا الْمُسْتَوْرِدُ بْنُ شَدَّادٍ، قَالَ إِنِّي لَفِي الرَّكْبِ عَنْ قَيْسِ بْنِ أَبِي حَازِمٍ الْهَمْدَانِيّ، قَالَ حَدَّثَنَا الْمُسْتَوْرِدُ بْنُ شَدَّادٍ، قَالَ إِنِّي لَفِي الرَّكْبِ مَعْ رَسُولِ اللَّهِ عَلَى سَخْلَةٍ مَنْبُوذَةٍ قَالَ فَقَالَ " أَتُرَوْنَ مَعَ رَسُولِ اللَّهِ عَلَى اللَّهِ مِنْ هَوَانِهَا أَلْقَوْهَا . أَوْ كَمَا قَالَ قَالَ " فَوَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَلدُّنْيَا أَهْوَنُ عَلَى اللَّهِ مِنْ هَذِهِ عَلَى أَهْلِهَا " . قَالَ قَوْنُ عَلَى اللَّهِ مِنْ هَذِهِ عَلَى أَهْلِهَا " .

বাংলা

৪/৪১১১। মুসতাওরিদ ইবনে শাদ্দাদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম -এর কাফেলার সাথে ছিলাম। তিনি রাস্তার পাশে ফেলে রাখা একটি বকরীর মৃত ছানার নিকট এসে দাঁড়ালেন। তিনি বলেনঃ তোমরা কি জানো, এই বকরির মৃত বাচ্চাটি তার মালিকের নিকট কতো তুচ্ছ? বলা হলো, হে আল্লাহর রাসূল! মূল্যহীন হওয়ার দরুনই তারা এটাকে ফেলে দিয়েছে। তিনি বলেনঃ সেই সন্তার শপথ, যাঁর হাতে আমার প্রাণ! এটা তার মালিকের নিকট যতোটা মূল্যহীন, দুনিয়াটা আল্লাহর কাছে তার চেয়েও অধিক মূল্যহীন ও তুচ্ছ।

English

Mustawrid bin Shaddad said:

"I was riding with the Messenger of Allah () when he came across a dead lamb that had been thrown out.' He said: 'Don't you think that this is worthless to its owners?' It was said: 'O Messenger of Allah, it is because it is worthless that they have thrown it out, - or words to that effect. He said: 'By the One in Whose Hand is my soul, this world is more worthless to Allah than this is to its owners.'"



ফুটনোট

তিরমিয়ী ২৩২১, আত-তালীকুর রাগীব ৪/১০১, সহীহাহ ২৪৮২। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মুজালিদ বিন সাঈদ সম্পর্কে ইমাম বুখারী ও ইয়াকুব বিন সুফইয়ান বলেন, তিনি সত্যবাদী। ইমাম নাসাঈ বলেন, তিনি সিকাহ। ইয়াহইয়া বিন সাঈদ আল-কাত্তান বলেন, তিনি যইফ বা দুর্বল। ইবনু মাঈন বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহন করা যাবে না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৭৮০, ২৭/২১৯ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু মুজালীদ বিন সাঈদ এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ১২৩ টি শাহিদ হাদিস রয়েছে, ৭ টি জাল, ২০ টি খুবই দুর্বল, ৪৩ টি দুর্বল, ২৪ টি হাসান, ২৯ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ মুসলিম ২৯৬০, তিরমিযি ২৩২১, আবু দাউদ ১৮৬, দারিমী ২৭৩৭, আহমাদ ৩০৩৯, ৮২৫৯, ১৪৫১৩, ১৭৫৫২, ১৭৫৬০, ১৮৪৮৪, মু'জামুল আওসাত ২৯১৩, ৫৩৬১, শারহুস সুন্নাহ ৪০২৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন